গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd ; যুউঅ.বাংলা

# যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমের ৩৬তম সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ১৮ অক্টোবর ২০১৮ ; সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । টিমের সদস্য জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাপতির অনুরোধক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন । কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা গৃহীত হয় । সভাকে অবহিত করা হয় যে, অধিদপ্তরের গত মাসিক সমন্বয় সভায় ইনোভেশন টিমের ২০১৮-২০১৯ অর্থবছরের কর্ম পরিকল্পনা অনুমোদিত হয়েছে। এর প্রতিটি এজেন্ডা বাস্তবায়নের দায়িত্ব সদস্যগণের উপর নির্ধারন করা আছে, সেমাফিক কার্যক্রম বাস্তবায়ন করা প্রয়োজন। অন্যথায় বছর শেষে যুব উন্নয়ন অধিদপ্তর মূল্যায়নে পিছিয়ে যাবে যা কাম্য নয়। সভায় মূল্যায়ন কাঠামো (বার্ষিক কর্মপরিকল্পনা) ২০১৮-২০১৯ সকলের অবগতি ও প্রতিপালনের লক্ষ্যে এজেন্ডাওয়ারী আলোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয় যা নিম্নরূপ-

| নং | উদ্দেশ্য (Objects) | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন করা হয়েছে। | বাস্তবায়িত; |
| ২ | ইনোভেশন টিমের সভা | চলতি বছরে ইনোভেশন টিমের সভা ৩টি অনুষ্ঠিত হয়েছে। | প্রতি মাসের সভা ৩য় সপ্তাহের প্রথম দিকে আহবান করা; |
| ৩ | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি | এক দিনের কর্মশালা এবং ০২ ও ০৫ দিনের প্রশিক্ষণ আয়োজন করা। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১৫ দিনের মধ্যে পরিকল্পনা প্রস্তুত করে সেলে জমা দেবে। |
| ৪ | স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই সংক্রান্ত কার্যক্রম | উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান করার প্রেক্ষিতে নিম্নবর্নিত ০৬টি ধারণা/উদ্যোগ পাওয়া যায়-<br>১। মৌলভীবাজার-<br>(ক) ঋণ বিতরনে ওয়ান ষ্টেপ সার্ভিস অর্থাৎ ঋণ বিতরনের কমিটি বিলুপ্ত করে ক্রেডিট সুপারভাইজারের প্রস্তাবে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার স্বাক্ষরে ঋণ বিতরণ করবেন। নীতিমালার অন্যান্য সকল বিষয় অপরিবর্তিত থাকবে।<br>(খ) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ভর্তি পরীক্ষা উপজেলা ভিত্তিক হলে যাতায়াত খরচ ও সময় কমবে।<br>২। কালাই, জয়পুরহাট-<br>কর্মদক্ষ গ্রাম সৃজন।<br>৩। পিরোজপুর-<br>যুব সংগঠন নিবন্ধনের জন্য আবেদন অনলাইনে প্রক্রিয়াকরণ নতুন উদ্ভাবনী ধারণা।<br>৪। সীতাকুন্ড, চট্টগ্রাম-<br>উপজেলা যুব চত্বর যুব উন্নয়ন অধিদপ্তর নামীয় যুব সেলস সেন্টার<br>৫। নড়াইল-<br>স্বল্প মুল্যে বিদ্যুৎ সাশ্রয়ী রিচার্জএ্যাবল কলিংবেল।<br>৬। নাগেশ্বরী, কুড়িগ্রাম- | যে সকল জেলা-উপজেলা হতে উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ প্রেরন করা হয়েছে তাঁদেরকে ধন্যবাদ জানানো হয় এবং এক্ষেত্রে ০১ মাস সময় দিয়ে উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ সকলের নিকট হতে সংগ্রহের জন্য পুনরায় পত্র প্রেরন করা (সেখানে ধারণা গ্রহণের সুবিধাতে ১টি গাইডলাইন দেয়া থাকবে); |

| | | | |
|---|---|---|---|
| | | যুব সংগঠনের সক্রিয়করণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃজন এবং তালিকাভুক্ত করণে উদ্বুর্ধ করন।<br><br>যাচাই-বাছাই করে দেখা যায় যে কোনটিই নতুন কোন উদ্ভাবনী ধারণা/উদ্যোগ নয়। বেশীর ভাগই ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে/চলছে। কাজেই কোনটিই গ্রহণ করার পর্যায়ে নাই। | |
| ৫ | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং | ৪টি উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং এ রয়েছে। | পাইলটিংবাস্তবায়নে নির্বাচিত মেন্টরগণ সক্রিয় হবেন এবং নভেম্বর/১৮ মাসের মধ্যে পাইলটিং শেষ করতে হবে; |
| ৬ | ইনোভেশন শোকেসিং | ই-লার্নিং কনটেন্ট নিয়ে ১টি শো-কেসিং আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তাকে আগামী সভায় অগ্রগতি উপস্থাপনের অনুরোধ জানানো হয় ; |
| ৭ | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন | “বেকারমুক্ত গ্রাম সৃজন” জাতীয় পর্যায়ে (প্রতি জেলার ১টি করে উপজেলায়)বাস্তবায়নের জন্য একটি ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে। | ডিপিপি বাস্তবায়নে সচেষ্ট হতে পরিকল্পনা শাখাকে অনুরোধ জানানো; |
| ৮ | ইনোভেশন মেন্টরিং | প্রধান কার্যালয়ে ১৩ সদস্য বিশিষ্ট ইনোভেশন মেন্টরিং কমিটি রয়েছে। সদস্যগণের উপর নির্ধারিত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কাজের অগ্রগতি পর্যবেক্ষন জোড়দার করা প্রয়োজন। | পাইলটিংবাস্তবায়নে নির্বাচিত মেন্টরগণ সক্রিয় হবেন এবং নভেম্বর/১৮ মাসের মধ্যে পাইলটিং শেষ করতে হবে; |
| ৯ | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | প্রনীত নীতিতে এ বিষয়ে ব্যবস্থা রাখা হয়েছে। | নীতি মাফিক ব্যবস্থা নেয়া; |
| ১০ | ইনোভেশন খাতে বরাদ্দ | উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এর প্রতিটি এজেন্ডা বাস্তবায়নের জন্য মোট খরচের হিসাব বিবেচনায় আনা প্রয়োজন। | উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এ এজেন্ডা বাস্তবায়নের জন্য কমপক্ষে ২৫ লক্ষ টাকার সংস্থান রাখা; |
| ১১ | পার্টনারশীপ ও নেটওয়ার্কিং | নাগরিক সেবা বিষয়ক Mou ইনোভেশন সেলের মাধ্যমে কিভাবে করা যায় তা নিয়ে আলোচনা হয়। | - |
| ১২ | ইনোভেশন সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ | তথ্য বাতায়নে ইনোভেশন কর্নারের সকল তথ্য হালনাগাদকরণ বিষয়ে আলোচনা হয়। | তথ্য বাতায়নে ইনোভেশন কর্নারের সকল তথ্য দৈনিকভিত্তিতে হালনাগাদ করা; |
| ১৩ | ই-সেবা তৈরি ও বাস্তবায়ন | নূন্যতম ০১টি ই-সেবা ১৫-২-২০১৯ তারিখের মধ্যে বাস্তবায়িত করা প্রয়োজন। | যুব সংগঠন সমূহকে রেজিস্ট্রেশন প্রক্রিয়ার আওতায় আনার জন্য “ই-রেজিস্ট্রেশন ও ই-গ্রান্ট সিস্টেম” বাস্তবায়িত করা; |
| ১৪ | সেবা পদ্ধতি সহজিকরণ | প্রশিক্ষনের সনদপত্র স্বাক্ষর সহজিকরণের অনুরুপ নূন্যতম ০১টি সেবা পদ্ধতি সহজিকরণ ও বাস্তবায়ন করা প্রয়োজন। | ১। নাগরিক সেবা সহজীকরণের আওতায় NSP শাখা, কর্মকর্তা-কর্মচারীর পেনশন, ঋণ কার্যক্রম ও অন্যান্য শাখায় প্রশিক্ষণের মতো সেবা সহজীকরণ করা যায় কিনা দেখতে হবে। সকল সদস্যগণ আগামী মাসের সভায় ১টি করে প্রস্তাব পেশ করবেন;<br>২। এবিষয়ে মাঠপর্যায়ে ১৫দিনের সময় দিয়ে পত্র প্রদান করা; |
| ১৫ | সোস্যাল মিডিয়া | জনাব মোঃ জিয়াউর রহমান, প্রশিক্ষক(ইলেকট্রনিক্স), সভাকে জানান যে, চলতি মাসে মানিকগঞ্জ জেলা হতে জনাব মোঃ বাশার অনুরোধ/পরামর্শমূলক একটি Post প্রেরন করেছেন। তিনি মোবাইল ব্যাকিং এর মাধ্যমে প্রদানকৃত যুব ঋনের কিস্তির হিসাব, কত টাকা এ পর্যন্ত পরিশোধ করা হয়েছে, অবশিষ্ট কত টাকা দেনা আছেন তা মোবাইলের মাধ্যমে জানতে চান। এমাসে প্রতি সপ্তাহে গড়ে ৩০০০ জন Facebook পাতায় হিট করেছেন । | ১। যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন অনুষ্ঠান/কার্যক্রমের তথ্যচিত্র Facebook এ নিয়মিত Upload করা ও Post এর সঠিক উত্তর আলোচনা করে প্রদান অব্যাহত রাখতে হবে ।<br>২। ইনোভেশন অফিসার ও সভাপতি অবহিত করেন যে, পরামর্শমূলক যে post পাওয়া গেছে সে বিষয়ে ডাচ-বাংলা মোবাইল ব্যাংকের সাথে কথা বলা যেতে পারে। তবে বিষয়টি তাৎক্ষণিকভাবে সমাধান যোগ্য নয়। |

এজেন্ডাওয়ারী নির্ধারিত সময়ে কার্য সম্পাদনের জন্য ইনোভেশন টিমের ২০১৮-২০১৯ অর্থবছরের কর্ম পরিকল্পনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগন নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করবেন বলে সভাপতি আশবাদ প্রকাশ করেন। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

সংযুক্তঃ

১। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯- ২ পাতা।

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: dirpa@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০৩৩.১৬-৬৪

তারিখঃ ২৪/১০/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব------------------------------------------------ সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি ।

২৫/১০/২০১৮
(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক (আইসিটি)
ও
সদস্য, ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮
e-mail: adict@dyd.gov.bd

## পরিশিষ্ট "ক"

১৮/১০/২০১৮ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব এ কে এম মফিজুল ইসলাম<br>উপপরিচালক (দাঃবিঃওঋণ) | স্বাক্ষরিত |
| ২. | জনাব সৈয়দ আব্দুল কাইয়ূম<br>উপপরিচালক (পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন<br>উপপরিচালক (পরিকল্পনা) | স্বাক্ষরিত |
| ৪. | জনাব মোঃ হামিদুর রহমান<br>উপপরিচালক (দাঃবিঃওঋণ) | স্বাক্ষরিত |
| ৫. | মোঃ ফজলুল হক<br>সহকারী পরিচালক (এ.ও) | স্বাক্ষরিত |
| ৬. | জনাব ফরহাত নূর<br>উপপরিচালক (প্রশিক্ষণ-২) | স্বাক্ষরিত |
| ৭. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক (আইসিটি) | স্বাক্ষরিত |
| ৮. | জনাব মোঃ জিয়াউর রহমান<br>প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) | স্বাক্ষরিত |